# Lesson 1

## 1．は　partical

জাপানি ভাষায় যে কোন বাক্য গঠন করতে চাইলে সবসময় sub(topic sentence) এর পরে は　partical বসে । এবং noun/ adjective যুক্ত বাক্য গুলো です দিয়ে শেষ হবে।

**N1+は+N2+です。**

**Sub+ は+obj+です。**

আমি ছাত্র।

わたし　は　がくせい　です。

আমি ডাক্তার।

わたし　は　いしゃ　です。

কারিনা ইঞ্জিনিয়ার।

カリナさん　は　エンジニア　です。

practice

きょうし

せんせい

かいしゃいん

ぎんこういん

けんきゅうしゃ

## 2．じゃありません/ではありません。

জাপানি ভাষায় কোন noun/ な adjective কে negative করতে চাইলে উক্ত noun/ な adjective এর পরে じゃありません/ では ありません বসাবেন।

আমি ছাত্র নয়।

わたし　は　がくせい じゃありません。

আমি ডাক্তার নয়।

わたし　は　いしゃ　じゃありません。

কারিনা ইঞ্জিনিয়ার নয় ।

カリナさん　は　エンジニア　じゃありません。

## Lesson 1

Noun এর tense গত পরিবর্তন :

| Present/future affirmative tense | Past affirmative tense | Present/future n.g tense | Past n.g tense |
|---|---|---|---|
| です দিয়ে শেষ হবে। がくせい です。 | です উঠে でした হবে। がくせい でした。 | です উঠে じゃありません হবে। がくせい じゃありません。 | です উঠে じゃありません でした。 হবে। がくせい じゃありません でした。 |

3．か

জাপানি ভাষায় যে কোন বাক্যের শেষে か বসালে প্রশ্ন করা বুঝায়।

Question দুই প্রকারঃ

A. **Confirmation question**: কোন কিছু confirm হওয়ার জন্য যে প্রশ্ন করা হয় তাকে confirmation question বলে।

আপনি কি ছাত্র?

あなた　は　がくせい　ですか。

আপনি কি ডাক্তার?

あなた　は　いしゃ　ですか。

কারিনা কি ইঞ্জিনিয়ার?

カリナさん　は　エンジニア　ですか。

B. **Information question**. কোন কিছু জানা না থাকলে জানার জন্য যে প্রশ্ন করা হয়, তাকে information question বলে। এক্ষেত্রে object এর স্থলে WH question word বসবে।

# Lesson 1

আপনার বয়স কত?

あなた　は　なんさい　ですか。

আপনি কি করেন?

あなた　は　なに　を　しますか。

আপনার নাম কি?

あなたの　なまえ　は　なん　ですか。

**4．も　partical** : এর অর্থ হচ্ছে also/too বাংলায় যেখানে "ও" হবে সেখানেই も　partical বসবে। অর্থাৎ দুটি sentence এর object যদি একই রকম হয় তাহলে দ্বিতীয় sentence এর subject এর পরে বাংলায় "ও" অর্থে **も　partical** বসবে।

আমি ছাত্র। কারিনা ছাত্র

わたし　は　がくせい　です。カリナさん　は　がくせい　です。

আমি ছাত্র, কারিনা ও ছাত্র।

わたし　は　がくせい　です、カリナさん　も　がくせい　です。

আমি ডাক্তার , করিম ও ডাক্তার।

わたし　は　いしゃ　です、コリムさん　も　いしゃ　です。

**5．の　particle**

বাংলায় যেখানে র/এর হবে সেখানেই の **particle** বসবে।

আমার বই।

わたしの　ほん　です。

আমি এক্সিওম এর ছাত্র।

わたし　は　**axiom**(N1)　の　がくせい(N2)　です。

# Lesson 2

1. これ-এটা
それ-সেটা
あれ-ঐটা

এগুলো দ্বারা শুধুমাত্র কোন বস্তু নির্দেশ করা যায়, যিনি কথা বলছেন যদি বস্তুটি তার কাছাকাছি থাকে তাহলে হবে これ । যিনি কথা বলছেন যদি বস্তুটি তার থেকে একটু দূরে থাকে তাহলে হবে それ। আর যে দুজন কথা বলছেন যদি বস্তুটি তাদের থেকে দূরে হয় তাহলে হবে あれ এবং これ/それ/あれ এর পরে সব সময় は পার্টিকেল বসে।

এটা বই → これ は ほん です。
সেটা বই → それ は ほん です。
ঐটা বই → あれ は ほん です。

**practice**

かばん／ボールペン／コンピューター／とけい／いす／テレビ／ざっし／じしょ

এই বাক্যগুলোর শেষে か বসিয়ে দিলে প্রশ্ন হয়ে যাবে। যেগুলোকে কনফার্মেশন প্রশ্ন বলে।

2. この～ **এই**
その～**সেই**
あの～**ঐই**

এগুলো দ্বারা ব্যক্তি,বস্তু এবং প্রাণীকে নির্দেশ করা যায়। তবে যে ব্যক্তি বস্তু অথবা প্রাণীকে নির্দেশ করবেন তাকে অবশ্যই この/その/あの এর পরেই বসাতে হবে। তারপর は পার্টিকেল বসবে। ব্যক্তি, বস্তু অথবা প্রাণী এর অবস্থান অনুযায়ী この/その/あの হবে। この/その/あの এরপরে সরাসরি কখনো は পার্টিকেল বসে না।

এই বইটি আমার। → このほん は わたしの です。
সেই বইটি আমার। → そのほん は わたしの です。
ঐই বইটি আমার। → あのほん は わたしの です。

এই বাক্যগুলোর শেষে か বসিয়ে দিলে প্রশ্ন হয়ে যাবে। যেগুলোকে কনফার্মেশন প্রশ্ন বলে।

3. そうです / そうじゃありません → **সেটা / সেটা নয়।** এটা হচ্ছে কনফার্মেশন প্রশ্নের উত্তর দেওয়ার পদ্ধতি।

# Lesson 2

**4.** 〜か、〜か。 **এর অর্থ হচ্ছে Or/ অথবা অর্থাৎ hasitation question.**

এক্ষেত্রে হ্যা বোধক অথবা না বোধক কোন উত্তর না দিয়ে সরাসরি যা দেখান হচ্ছে তা উত্তর হিসেবে বলে দিতে হবে



এটা বই ,না অভিধান ? これ　は　ほんですか、じしょ　ですか。

উত্তরঃ এটা বই ➡ これ　は　ほんです。

এটা কম্পিউটার, না টেলিফোন? ➡ これ は コンピューター ですか、でんわ ですか。



উত্তরঃ এটা টেলিফোন ➡ これ は　でんわ　です。

**5.** の **partical**: এর ব্যবহার LESSON 1 এ ও আলোচনা করা হয়েছিল। অর্থাৎ বাংলায় যেখানে র/এর হবে সেখানেই の　particle বসবে।

**এটা জাপানি ভাষার বই।** ➡ これ　は　にほんご　の　ほんです。

**ঐটা রহিমের বই।** ➡ あれ　は　ロヒムさん　の　ほん　です。

# Lesson 2

কনফার্মেশন প্রশ্নের উত্তর দুই প্রকার হ্যাঁ বোধক এবং না বোধক, যদি প্রশ্নের সাথে দেখানো জিনিস মিলে যায়, তাহলে উত্তরটা হয় হ্যাঁ বোধক যাকে আমরা বলি হ্যাঁ তাই। আর যদি না মিলে তাহলে হয় না বোধক অর্থাৎ যাকে আমরা বলি না সেটা তা নয়।



এটা বই কি? これ は ほん ですか。





এই বইটি আপনার কি ? このほん は あなたの ですか。

**হ্যাঁ তাই** → はい、そうです。

**হ্যাঁ এটা বই** → はい、 これ は ほん です。

**হ্যাঁ, সেই বইটি আমার ।** → はい、 そのほん は わたしの です。



এটা বই কি? これ は ほん ですか。





এই বইটি আপনার কি ? このほん は あなたの ですか。

না সেটা তা নয়। → いいえ、そう じゃありません。

না, সেটা বই নয়। → いいえ、それ は ほん じゃありません。

না, সেই বই টি আমার নয়। → いいえ、そのほん は わたしの じゃありません。

না আপনার তথ্যটি ভুল। → いいえ、ちがいます。

# Lesson 3

1.

ここ- এখানে

そこ-সেখানে

あそこ-ঐখানে

どこ-কোথায়

এগুলো দ্বারা স্থান নির্দেশ করা বোঝায়, যদি জায়গাটি যিনি কথা বলছেন তার কাছাকাছি থাকে তাহলে হবে ここ। যদি জায়গাটি যিনি কথা বলছেন তার থেকে একটু দূরে হয় তাহলে হবে そこ। আর যদি জায়গাটি দুজন থেকে দূরে হয় তাহলে হবে あそこ। আর এটি অবশ্যই মানুষের দৃষ্টি সীমার মধ্যে হতে হবে। দৃষ্টি সীমার বাহিরে গেলে সরাসরি উক্ত জায়গার নাম বলে দিতে হবে। এবং কোথায় জিজ্ঞাসা করলে,ここ/そこ/あそこ এর স্থলে どこ বসাতে হবে।

এখানে ক্লাসরুম → ここ は きょうしつ です。

সেখানে ক্লাসরুম → そこ は きょうしつ です。

ঐখানে ক্লাসরুম → あそこ は きょうしつ です。

ক্লাসরুম এখানে → きょうしつ は ここ です。

ক্লাসরুম সেখানে → きょうしつ は そこ です。

ক্লাসরুম ঐখানে → きょうしつ は あそこ です。

**practice**

しょくどう
じむしょ
かいぎしつ
うけつけ
へや
トイレ
かいだん
エレベーター
エスカレーター

Question:

ক্লাসরুম কোথায়? → きょうしつ は どこ ですか。

কোথায় ক্লাসরুম? → どこ は きょうしつ ですか。

এখন এমন একটা জায়গার নাম জিজ্ঞাসা করা হল যেটা দৃষ্টিসীমার বাইরে তাহলে উত্তর দেওয়ার পদ্ধতি হবে, সরাসরি উক্ত জায়গার নাম বলে দিব।

বঙ্গবন্ধু হাসপাতাল কোথায়? → バンゴボンドゥ びょういん は どこ ですか。

বঙ্গবন্ধু হাসপাতাল শাহবাগ → バンゴボンドゥ びょういん は シャハバグ です。

# Lesson 3

2. **こちら-এই দিকে**
**そちら-সেই দিকে**
**あちら-ঐদিকে**
**どちら-কোন দিকে**

এই শব্দগুলো দ্বারা ও, স্থান নির্দেশ করা হয়, তবে এ স্থানগুলো দিক সহ নির্দেশ করা হয়। অর্থাৎ অবস্থান অনুযায়ী দিক নির্দেশিত জায়গাগুলোর ক্ষেত্রে ここ/そこ/あそこ এর পরিবর্তে こちら/そちら/あちら হবে। এবং প্রশ্ন করার ক্ষেত্রে どこ এর পরিবর্ত どちら হবে। এ গুলোর পরেও সবসময় は partical বসে।

এই দিকে ক্লাসরুম → こちら は きょうしつ です。
সেই দিকে ক্লাসরুম → そちら は きょうしつ です。
ঐ দিকে ক্লাসরুম → あちら は きょうしつ です。

ক্লাসরুম এই দিকে → きょうしつ は こちら です。
ক্লাসরুম সেই দিকে → きょうしつ は そちら です。
ক্লাসরুম ঐ দিকে → きょうしつ は あちら です。

Question:

ক্লাসরুম কোন দিকে ? → きょうしつ は どちら ですか。
কোন দিকে ক্লাসরুম? → どちら は きょうしつ ですか。

এখন এমন একটা জায়গার নাম জিজ্ঞাসা করা হল যেটা দৃষ্টিসীমার বাইরে তাহলে উত্তর দেওয়ার পদ্ধতি হবে, সরাসরি উক্ত জায়গার নাম বলে দিব।

বঙ্গবন্ধু হাসপাতাল কোন দিকে? → バンゴボンドゥ びょういん は どちら ですか。

বঙ্গবন্ধু হাসপাতাল শাহবাগ → バンゴボンドゥ びょういん は シャハバグ です。

# Lesson 3

**3.** **の partical:** এর ব্যবহার LESSON 1 এবং LESSON 2 তে ও আলোচনা করা হয়েছিল। অর্থাৎ বাংলায় যেখানে র/এর হবে সেখানেই の particle বসবে। তবে যেহেতু এ অধ্যায়ে স্থান সম্পর্কিত শব্দগুলো ব্যবহার করা হয়েছে সেজন্য এখানে একটি শব্দ হবে স্থান আরেকটি হবে অবজেক্ট অর্থাৎ N1 হবে স্থান N2 হবে অবজেক্ট। দুটির মাঝখানে এর অর্থে の পার্টিক্যাল বসবে।

**এটা জাপানের কম্পিউটার।** → これ は にほん(place) の コンピューター です。

**সেটা চায়নার ঘড়ি।** → それ は ちゅうごく(place) の とけい です。

# Lesson 4

1. ～じ～ふん／ぷん

বাংলাদেশের মতো জাপানেও 12 ঘন্টা হিসাব করা হয়। সুতরাং যে ব্যক্তির 12 পর্যন্ত গণনা শিখা আছে, তার 12 ঘন্টা শিখা শেষ। শুধুমাত্র ঘণ্টা এর পরে じ হবে। এক্ষেত্রে 4 হবে(よ), 7 হবে (しち)এবং 9 হবে(く)। এ গণনা গুলো ব্যতিক্রম। অপরদিকে মিনিট কে জাপানিজ ভাষায় বলে ふん／ぷん। যেহেতু এক ঘন্টা সমান 60 মিনিট, তাহলে 59 পর্যন্ত যে গণনা পারে তার মিনিট শিখাও শেষ। কারণ 60 মিনিট হলে পরিপূর্ণ আরো একটি ঘন্টা কনভার্ট হয়ে যায়। মিনিট এর ক্ষেত্রে গণনার স্বাভাবিক ক্রম ব্যবহৃত হবে। নিচে এর বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হল। মিনিট এর ক্ষেত্রে আমরা সবসময় এককের ঘরের অংকের দিকে খেয়াল রাখব।

1. এককের ঘরের অংকটি 2, 5, 7 এবং 9 হলে normal গণনা+ ふん হবে।
2. এককের ঘরের অংক 0 হলে じゅっぷん হবে।
3. এককের ঘরের অংকটি 1 হলে いっぷん হবে।
4. এককের ঘরের অংকটি 6 হলে ろっぷん হবে।
5. এককের ঘরের অংকটি 8 হলে はっぷん হবে।
6. এককের ঘরের অংকটি 3, 4 হলে **normal গণনা +**ぷん হবে।

practice

**2:05-**にじごふんです。

**4:04-**よじよんぷんです。

**7:30-**しちじさんじゅっぷんです。

**9:18-**くじじゅうはっぷんです。

**10:20-**じょうじにじょうっぷんです。

**6:11-** ろくじじゅういっぷんです。

**8:36-**はちじさんじゅうろっぷんです。

**3:46-**さんじよんじゅうろっぷんです。

**5:10-**ごじじゅっぷんです。

2. জাপানিজ ভাষায় যে সকল শব্দের শেষে ます থাকে, তাদেরকে verb বলে। জাপানিজ ভাষায় বাক্য তৈরির ক্ষেত্রে verb সব সময় sentence এর শেষে বসে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ます যুক্ত শব্দগুলো সব সময় present/future tense এ বসে। জাপানিজ ভাষায় tense দুই প্রকার **1. Present/future tense 2. Past tense**. এই দুটি tense এর affirmative এবং negative অবস্থান রয়েছে। নিচে ছক আকারে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হল।

| Present/future affirmative | Past affirmative | Present/future negative | Past negative |
|---|---|---|---|
| ます **যুক্ত শব্দ**<br>たべます<br>のみます | ます উঠে ました হবে<br>たべました<br>のみました | ます উঠে ません হবে<br>たべません<br>のみません | ます উঠে ませんでした হবে<br>たべませんでした<br>のみませんでした |

# Lesson 4

**আমি খাবার খাই।** → わたし　は　ごはん　を　たべます。

**আমি চা পান করি।** → わたし　は　おちゃ　を　のみます。

**আমি খাবার খেয়ে ছিলাম।** → わたし　は　ごはん　を　たべました。

**আমি চা পান করে ছিলাম।** → わたし　は　おちゃ　を　のみました。


**আমি খাবার খাই না।** → わたし　は　ごはん　を　たべません。

**আমি চা পান করি না।** → わたし　は　おちゃ　を　のみません。

**আমি খাবার খেয়ে ছিলাম না।** → わたし　は　ごはん　を　たべませんでした。

**আমি চা পান করে ছিলাম না।** → わたし　は　おちゃ　を　のみませんでした。

**3. に partical: নির্দিষ্ট "বাতাস "এর পরে সব সময় に পার্টিকেল বসে অর্থাৎ**





আমি আগামী সপ্তাহের রবিবারে যাব। → わたし は らいしゅう の にちようび に いきます。

আমি এই মাসের ৩ তারিখে যাব। → わたし は こんげつ の みっか に いきます。

আমি প্রতিদিন সকাল ৬টা বাজে ঘুম থেকে উঠি। → わたし は まいあさ 6じ に おきます。

আমি ঢাকার ধানমন্ডিতে বসবাস করি। → わたし は ダッカ の ダンモンディ に すんでいます。




**4.** ～から～まで : এই ফর্মুলা শুধুমাত্র সময় এবং স্থান এর ক্ষেত্রে ব্যবহার করব অর্থাৎ থেকে এবং পর্যন্ত অর্থে এটি ব্যবহার করব।

# Lesson 4

আমি ধানমন্ডি থেকে শাহাবাগ পর্যন্ত যাব। ➡ わたし は ダンモンデイ から シャハバグ まで いきます。

আমি ৯টা থেকে ১১টা পর্যন্ত জাপানিজ ভাষা পরব। ➡ わたし は ９じ から １１じ まで にほんご を べんきょうします。

**5.** と **partical** : এর অর্থ হচ্ছে "এবং" আরেকটা অর্থ হচ্ছে "সাথে"। অর্থাৎ বাংলায় যেখানে "এবং" হবে সেখানে と পার্টিকেল বসবে। এবং যার "সাথে" বলব তার সাথেই と পার্টিকেল বসবে।

"এবং" অর্থে

আমি এবং কারিনা যাব। ➡ わたし と カリナさん は いきます。

বিড়াল এবং কুকুর খেলছে। ➡ ねこ と いぬ は あそびます。

"সাথে" অর্থে

আমি কারিনার সাথে যাব। ➡ わたし は カリナさん と いきます。

বিড়াল কুকুরের সাথে খেলছে। ねこ は いぬ と あそびます。

# Lesson 5

1. へ partical:

N1+は+N2(place)+ へ+いきます/きます/かえります.

আমি জাপান যাব। → わたし は にほん へ いきます。

আমি জাপান যাব। → わたし は にほん に いきます。

আমি বাড়িতে ফিরব। → わたし は うち へ かえります。

আমি বাড়িতে ফিরব। → わたし は うち に かえります。

**Note**

কোন বাক্যের শেষে いきます/きます/かえります থাকলে এবং তার পূর্বে **place** থাকলে, উক্ত **place** এবং verb-এর মাঝখানে সবসময় へ **partical** বসবে। নির্দিষ্ট **place** এর সাপেক্ষে কখনো কখনো に **partical** বসে। অপশনে এ দুটি পার্টিকেলের মধ্যে যেটি থাকবে সেটাকে উত্তর হিসেবে নির্বাচন করবেন। তবে সবচেয়ে বেশি প্রাধান্য পাবে へ **partical** ।

2. কোন বাক্যে どこ(どこも)[へ]も কোথাও না /だれも কেউ ই না /なにも কিছুই না, থাকলে উক্ত বাক্যটি অবশ্যই negative হবে।

আগামী কাল কোথাও যাবনা। → あした どこも いきません。

গতকাল কেউ আসে নি। → きのう だれも きませんでした。

আমি কিছুই খাবনা। → わたし は なにも たべません。

3. **N5 এ で পার্টিকেল এর সকল ব্যবহার নিচে আলোচনা করা হলো :**

**a.** যান বাহনের পরে সবসময় で পার্টিকেল বসে।

আমি বাস দিয়ে স্কুলে যাব। → わたしは バス で がっこう へ いきます。

আমি প্লেন দিয়ে জাপান যাব। → わたしは ひこうき で にほん へ いきます。

**b.** দ্বারা, দিয়ে, কর্তৃক বুঝাতে で পার্টিকেল বসে অর্থাৎ কোনো বস্তু দ্বারা কোনো কাজ সম্পন্ন করলে, উক্ত বস্তুর পরে সবসময় で পার্টিকেল বসে ।

কলম দিয়ে নাম লিখব। → ボールペン で なまえ を かきます。

ছুরি দিয়ে আপেল কাটব। → ナイフ で りんご を きります。

**c.** Action of place এর ক্ষেত্রে place এর পরে で পার্টিকেল বসে অর্থাৎ কোন জায়গায় কোন কাজ সংঘটিত হলে বা হবে বললে উক্ত জায়গার পরে で পার্টিকেল বসে।

রেস্টুরেন্টে দুপুরের খাবার খাব। → レストラン で ひるごはん を たべます。

পার্কে ফুটবল খেলব। → こうえん で サッカー を します。

# Lesson 5

**d.** Translation এর ক্ষেত্রে で পার্টিকেল ব্যাবহার করা হয়। অর্থাৎ কোন ভাষাকে অন্য কোন ভাষায় রূপান্তর করতে চাইলে যে ভাষাতে রুপান্তর করতে চাচ্ছি উক্ত ভাষার পরে সবসময় で পার্টিকেল বসবে।

ধন্যবাদ কে জাপানিজ ভাষায় কি বলে। → **ধন্যবাদ** は にほんご で なん ですか。

ধন্যবাদ কে জাপানিজ ভাষায় ありがとう বলে। → **ধন্যবাদ** は にほんご で ありがとう です。

বইকে ইংরেজি ভাষায় book বলে। → **বই** は えいご で book です。

**e.** জগত বুঝাতে common noun এর পরে で পার্টিকেল বসে অর্থাৎ প্রত্যেকটা ব্যক্তি, বস্তু, প্রাণীর এবং স্থানের আলাদা জগত রয়েছে, এ জগৎ গুলোর মধ্যে যখন কোন ব্যক্তি, প্রাণী ,বস্তুকে এবং স্থানকে আলাদা ভাবে নির্দিষ্ট করা হয়। তখন ঐ সবগুলো ব্যক্তি, বস্তু প্রাণীর এবং স্থানের যৌথ নামের পরে で পার্টিকেল হয়।

ফলের মধ্যে আম মিষ্টি। → くだもの [のなか] で マンゴ が あまい です。

ফুলের মধ্যে গোলাপ সুন্দর। → はな で ばら が きれい です。

ছাত্র ছাত্রীদের মধ্যে সাকুরা লম্বা। → がくせいたち で さくらさん が せがたかい です。

4. **Lesson 4 এর ৫ নাম্বার টপিক এ と partical এর ব্যাবহার আলোচনা করা হয়েছে, যা এ অধ্যায়ে "সাথে" অর্থে আলোচনা করা হয়েছে।**

আমি বিড়ালের সাথে মজা করব। → わたし は ねこ と あそびます。

রহিম বন্ধুর সাথে কক্সবাজার যাবে। → ロヒムさん は ともだち と コックスバザール に いきます。

5. কোন বাক্যের শেষে よ **partical** বসলে এর অর্থ হচ্ছে উক্ত তথ্য সম্পর্কে জোরালো ভাবে নিজে নিজের মতামত দিচ্ছে। অন্য কারও মতামত এর প্রয়োজন নেই। অর্থাৎ সেই তথ্যটা কেবল ব্যক্তি নিজেই জানে।

এটা কলম ই। → これ は ボールペン です よ。

এই কলম টি ইয়ামাদার ই। → この ボールペン は やまださん ですよ。

# Lesson 6

**1./ 2.** を Partical: যদি কোন **vreb** এর পূর্বে **object** থাকে অর্থাৎ **verb** টি **transitive verb** হয়, তাহলে উক্ত **verb** এবং **object** এর মাঝখানে সবসময় を Partical বসে।

Object চেনার উপায়

**object** কে চিনতে হলে **verb** কে **which/ what** দ্বারা প্রশ্ন করতে হবে। **verb** কে প্রশ্ন করে উত্তর পাওয়া গেলে সেটাই **object.**

আমি চা পান করব। → わたし　は　おちゃ　を　のみます。

আমি খাবার খাব। → わたし　は　ごはん　を　たべます。

আমি মুভি দেখব না। → わたし　は　えいが　を　みません。

আমি চিঠি লিখে ছিলাম। → わたし　は　てがみ　を　かきました。

আমি ফুটবল খেলব। → わたし　は　サッカー　を　します。

**3./4.** なに **এবং** なん **এর ব্যবহার :**

なに : **verb** এবং **adjective** এর **object** কে জানার জন্য なに দিয়ে প্রশ্ন করা হয়। なに এর সাথে সব সময় を **partical** এবং が **partical** ব্যাবহার করা হয়। **verb** এর **object** কে জানার জন্য なに এর সাথে を **partical** বসে। এবং **adjective** এর **object** কে জানার জন্য なに এর সাথে が **partical** বসে।

**আপনি কি করেন ?** → あなた　は　なに　を　しますか。

**আপনি কি পান করেন ?** → あなた　は　なに　を　のみますか。

**আপনি কি লিখেন ?** → あなた　は　なに　を　かきますか。

**আপনি কি পছন্দ করেন ?** → あなた　は　なに　が　すき　ですか。

**আপনি কিসে দক্ষ ?** → あなた　は　なに　が　じょうず　ですか。

なん : Noun এর object কে জানার জন্য なん দিয়ে প্রশ্ন করা হয়। なん এর সাথে সাধারনত যে partical গুলো বসে তা হল।

なんで কিভাবে

なんと কি

なんの কিসের

আপনি কিভাবে জাপান যাবেন?

→ あなた は なんで にほん へ いきますか。

আপনি কি বলবেন? → あなた　は　なんと　いいますか。

এটা কিসের বই? → これ　は　なんの　ほん　ですか。

Note

তবে কখনো কখনো "কিভাবে" অর্থ প্রকাশে なんで এর পরিবর্তে なにで ও ব্যাবহার করা হয়। কারণ なんで এর আরেক টি অর্থ "কেন"। তাই "কেন" এবং "কিভাবে" অর্থ দুটিকে পরিষ্কার ভাবে বুঝানোর জন্য কিভাবে অর্থে なにで ও ব্যাবহার করা হয়।

# Lesson 6

**5.** এই টপিক **lesson 5** এর **তৃতীয়** টপিক এর **c part** এ আলোচনা করা হয়েছে

c. Action of place এর ক্ষেত্রে place এর পরে で পার্টিকেল বসে অর্থাৎ কোন জায়গায় কোন কাজ সংঘটিত হলে বা হবে বললে উক্ত জায়গার পরে で পার্টিকেল বসে।

রেস্টুরেন্টে দুপুরের খাবার খাব। ➡ レストラン で ひるごはん を たべます。

পার্কে ফুটবল খেলব। ➡ こうえん で サッカー を します。

IDEB থেকে কম্পিউটার ক্রয় করব। ➡ **IDEB** で コンピューター を かいます。

**6.** কোন **verb** এর ます উঠিয়ে ませんか বসালে এর অর্থ দাঁড়ায় কাউকে উক্ত কাজের জন্য অফার করা হচ্ছে।

এক সাথে জাপান যাবেন না কি? ➡ いっしょに にほん へ いきませんか。

এক সাথে দুপুরের খাবার খাবেন না কি? ➡ いっしょに ひるごはん を たべませんか。

একটু চা পান করবেন না কি? ➡ ちょっと おちゃ を のみませんか。

**7.** উক্ত অফার **accept** করতে চাইলে **verb** এর ます উঠে ましょう হবে।

হ্যাঁ, যাবো ➡ はい、いきましょう。

হ্যাঁ, খাবো ➡ はい、たべましょう。

হ্যাঁ, পান করবো ➡ はい、のみましょう。

# Lesson 7

1. এই টপিক **lesson 5** এর **তৃতীয়** টপিক এর **b part** এ আলোচনা করা হয়েছে

b. দ্বারা, দিয়ে, কর্তৃক বুঝাতে で পার্টিকেল বসে অর্থাৎ কোনো বস্তু দ্বারা কোনো কাজ সম্পন্ন করলে, উক্ত বস্তুর পরে সবসময় で পার্টিকেল বসে।

কলম দিয়ে নাম লিখব। ➡ ボールペン で なまえ を かきます。

ছুরি দিয়ে আপেল কাটব। ➡ ナイフ で りんご を きります。

2. এই টপিক **lesson 5** এর **তৃতীয়** টপিক এর **d part** এ আলোচনা করা হয়েছে

d. Translation এর ক্ষেত্রে で পার্টিকেল ব্যাবহার করা হয়। অর্থাৎ কোন ভাষাকে অন্য কোন ভাষায় রূপান্তর করতে চাইলে যে ভাষাতে রুপান্তর করতে চাচ্ছি উক্ত ভাষার পরে সবসময় で পার্টিকেল বসবে।

ধন্যবাদ কে জাপানিজ ভাষায় কি বলে। ➡ **ধন্যবাদ** は にほんご で なん ですか。

ধন্যবাদ কে জাপানিজ ভাষায় ありがとう বলে। ➡ ধন্যবাদ は にほんご で ありがとう です。

বইকে ইংরেজি ভাষায় book বলে। ➡ **বই** は えいご で book です。

**3./4. N1+は+N2+に+N3+を+あげます/かします Etc**

**Sub+は+ person+に+obj を+あげます/かします Etc**

কোন বাক্যের শেষে লেনদেন সম্পর্কিত শব্দ থাকলে এবং উক্ত বাক্যে বাংলা শব্দ কে, হতে, থেকে এই ৩টি শব্দ থাকলে উক্ত কে, হতে, থেকে এর স্থলে সবসময় に **partical** বসবে।লেনদেন সম্পর্কিত শব্দ গুলো হল। おくります/あげます/かします/かります/おしえます/ならいます/もらいます。

আমি রহিমকে বই পাঠাব।
わたし は ロヒムさん に ほん を おくります。

মা বান্ধবীর থেকে উপহার পেয়েছিলেন।
はは は ともだち に プレゼント を もらいました。

শিক্ষক ছাত্রকে জাপানি ভাষা শিখাবেন।
せんせい は がくせい に にほんご を おしえます。

আমি শিক্ষক থেকে জাপানি ভাষা শিখব।
わたし は せんせい に にほんご を ならいます。

আমি রহিমকে টাকা ধার দিব। ➡ わたし は ロヒムさん に [お]かね を かします。

রহিম আমার থেকে টাকা ধার করেছিল। ➡ ロヒムさん は わたし に [お]かね を かりました。

# Lesson 7

তবে **only receiving word** গুলোর ক্ষেত্রে に particale এর পরিবর্তে から ও ব্যাবহার করা যেতে পারে , যদি সেটা কোন ব্যক্তির কাছ থেকে না হয়ে কোন প্রতিষ্ঠানের কাছ থেকে হয়। অর্থাৎ প্রতিষ্ঠানের ক্ষেত্রে から ব্যাবহার করাটাই উত্তম। মনে রাখবেন শুধুমাত্র "থেকে" অর্থে। **receiving word** গুলো হল もらいます/ かります/ ならいます。 যেমন,

আমি এক্সিওম থেকে জাপানি ভাষা শিখছি। わたし は **AXIOM** から にほんご を ならいます。

আমি রূপালী ব্যংক থেকে টাকা পেয়েছিলাম। わたし は ルパリ ぎんこう から「お」かね を もらいました。

উক্ত বাক্যে দুটিতে এক্সিওম এবং রূপালী ব্যংক, একিট প্রতিষ্ঠান তাই に **particale** না বসিয়ে から বসিয়েছি। তবে に **particale** ব্যাবহার করলে ও বাক্যটি সঠিক হবে ।

**5.** もう এর অর্থ হচ্ছে already/ ইতিমধ্যে/ ইতিপূর্বে : কোন বাক্যে もう শব্দটি থাকলে উক্ত বাক্যটি সবসময় **past affirmative** হবে।

ইতিপূর্বে সকালের নাস্তা করে ছিলাম। もう あさごはん を たべました。

ইতিপূর্বে জাপান গিয়ে ছিলাম। もう にほん へ いきました。

**6.** まだ **Not yet/** এখনো না।: কোন বাক্যে まだ শব্দটি থাকলে উক্ত বাক্যটি সবসময় **present negative** হবে।

এখনো সকালের নাস্তা করিনি। まだ あさごはん を たべません。

এখনো জাপান যাইনি। まだ にほん へ いきません。

**Note**

যেহেতু কাজটি করা হয়নি , সেহেতু verb কে negative না করে ও শুধুমাত্র まだです দিয়ে বাক্য শেষ করা যাবে।

# Lesson 8

1. জাপানি ভাষায় Adjective দুই প্রকার:
   a. い Adjective: জাপানি ভাষায় যে সকল adjective এর শেষে い থাকবে তারা い **adjective.**

      あまい, たかい, おいしい, あたらしい **etc**

   b. な Adjective: い adjective ব্যতীত সকল adjective ই な adjective. অর্থাৎ জাপানি ভাষায় যে সকল adjective এর শেষে な থাকবে তারা な **adjective.**

      しずか「な」, べんり「な」, げんき「な」 **etc**

ব্যতিক্রম ৩ টি adjective আছে যাদের শেষ い থাকা সত্তেও তারা な adjective. সে গুলো হলঃ

きれい「な」=**সুন্দর,** きらい「な」=**অপছন্দ,** ゆうめい「な」=**বিখ্যাত**

2. **Noun এবং verb এর মত い adjective এবং な adjective এর ও tense গত পরিবর্তন রয়েছে, নিচে তা দেখান হল।**

   a. い **adjective**

| Present/future aff. tense | Past tense aff. tense | Present/future n.g tense | Past n.g tense |
|---|---|---|---|
| です **দিয়ে শেষ হবে।**<br>さむい です。 | い **উঠে** かった **হবে,** です **দিয়ে শেষ হবে।**<br>さむかった です。 | い **উঠে** くない **হবে,** です **দিয়ে শেষ হবে।**<br>さむくない です。 | い **উঠে** くなかった **হবে,** です **দিয়ে শেষ হবে।**<br>さむくなかった です。 |

**আজকের আবহাওয়া ঠাণ্ডা।**➡きょうの てんき は さむい です。

**গত কালকের আবহাওয়া ঠাণ্ডা ছিল।**➡きのうの てんき は さむかった です。

**আজকের আবহাওয়া ঠাণ্ডা নয়।**➡きょうの てんき は さむくない です。

**গত কালকের আবহাওয়া ঠাণ্ডা ছিল না।**➡きのうの てんき は さむくなかった です。

   b. な **adjective এর tense গত পরিবর্তন পুরোপুরি noun এর মত হবে।**

**এই ফুলটি সুন্দর।**➡このはな は きれい です。

**এই ফুলটি সুন্দর ছিল।**➡このはな は きれい でした。

**এই ফুলটি সুন্দর নয়।**➡このはな は きれい じゃありません。

# Lesson 8

এই ফুলটি সুন্দর ছিলনা। ➡ このはな　は　きれい　じゃありませんでした。

3. な adjective「な」+noun.
い adjective+noun.

note

যদি কখনো な adjective এর পরে NOUN আসে তা হলে উক্ত な adjective এর な উল্লেখ করতে হবে। যেমন,

**এই ফুলটি সুন্দর ফুল।** ➡ このはな　は　きれいな　はな　です。

**ঢাকা শহর বিখ্যাত শহর।** ➡ ダッカ　まち　は　ゆうめいな　まち　です。

**এই বইটি নতুন বই।** ➡ このほん　は　あたらしい　ほん　です。

4. ～が～ : **but/ কিন্তু** ➡ একই সাবজেক্ট এর অধীনে দুটি বিপরীত গুণযুক্ত বাক্যকে কিন্তু অর্থে যুক্ত করতে চাইলে দুটি বাক্যের মাঝখানে が পার্টিকেল বসে।

জাপানি ভাষা একটু কঠিন কিন্তু মজার। ➡ にほんご　は　ちょっと　むずかしい　です　が　おもしろい です。

বিরিয়ানি সুস্বাদু কিন্তু দামী। ➡ ビリアニ　は　おいしい　です　が　たかい　です。

そして: **and/এবং** ➡ একই সাবজেক্ট এর অধীনে দুটি অনুকূল গুণযুক্ত বাক্যকে "এবং" অর্থে যুক্ত করতে চাইলে দুটি বাক্যের মাঝখানে そして পার্টিকেল বসে।

জাপানি ভাষা সহজ এবং মজার। ➡ にほんご　は　かんたん　です　そして　おもしろい　で す。

বিরিয়ানি সুস্বাদু এবং সস্তা। ➡ ビリアニ　は　おいしい　です　そして　やすい　です。

5. とても : **Very/খুব** ➡ とても **যুক্ত sentence সবসময় affirmative হবে, tense অনুযায়ী সেটা present ও হতে পারে past ও হতে পারে।**

**আজকের আবহাওয়া খুব ঠাণ্ডা।** きょうの　てんき　は　とても　さむい　です。

**গত কালকের আবহাওয়া খুব ঠাণ্ডা ছিল।** きのう　の　てんき　は　とても　さむかった　です。

# Lesson 8

6. あまり/ぜんぜん : not so/ not at all (তেমন নয় / একেবারে নয়) ⇨ あまり/ぜんぜん যুক্ত sentence সবসময় negative হবে, tense অনুযায়ী সেটা present ও হতে পারে past ও হতে পারে।

আজকের আবহাওয়া তেমন ঠাণ্ডা নয়। きょうの てんき は あまり さむくない です。

আজকের আবহাওয়া একেবারে ঠাণ্ডা নয়। きょうの てんき は ぜんぜん さむくない です。

গত কালকের আবহাওয়া তেমন ঠাণ্ডা ছিল না। きのうの てんき は あまり さむくなかった です。

গত কালকের আবহাওয়া একেবারে ঠাণ্ডা ছিল না। きのうの てんき は ぜんぜん さむくなかった です。

7. কোন ব্যক্তি , বস্তু এবং স্থানের উপর মতামত জানতে চাইলে どう দিয়ে প্রশ্ন করা হয়।

জাপান কেমন ? ⇨ にほん は どう ですか。

এই বইটি কেমন ? ⇨ このほん は どうです か。

8. どんな : —what kind of/ কোন ধরনের। একি ভাবে কোন ব্যক্তি , বস্তু এবং স্থানের উপর নির্দিষ্ট ভাবে ব্যাখ্যামুলক কিছু জানতে চাইলে どんな দিয়ে প্রশ্ন করা হয়।

জাপান কোন ধরনের দেশ ? ⇨ にほん は どんな くに (noun) ですか。

এই বইটি কোন ধরনের বই ? ⇨ このほん は どんな ほん (noun) ですか。

**NOTE**

যে Noun টিকে নির্দিষ্টভাবে জানতে চাচ্ছেন তাকে অবশ্যই どんな এর পরে বসাতে হবে। অর্থাৎ どんな এর পরে সবসময় একটি Noun হবে।

1. これ/それ/あれ এর information question করা হয় どれ দিয়ে।

この～/その～/あの～এর information question করা হয় どの～দিয়ে।

কোন টা আপনার বই ? どれ は あなたの ほん ですか。

কোন বইটি আপনার ? どのほん は あなたの ですか。

# Lesson 9

1．が Partical **এর ব্যাবহার।**

**a.** Verb এর সাথেঃ- জাপানি ভাষায় কোন বাক্যের শেষে ありますいます/わかります/できます/いります/ふります。এই verb গুলো থাকলে এবং তাহার পূর্বে obj থাকলে, উক্ত verb এবং obj এর মাঝখানে সব সময় が Partical বসে।

আমার বই আছে ➡ わたし は ほん が あります。

ইয়ামাদার বিড়াল আছে ➡ やまださん は ねこ が います。

আমি জাপানি ভাষা বুঝি ➡ わたし は にほんご が わかります。

আমি জাপানি ভাষা পারি ➡ わたし は にほんご が できます。

আমার টাকা প্রয়োজন ➡ わたし は おかね が いります。

আজকে বৃষ্টি হবে ➡ きょう は あめ が ふります。

**b.** Adjective এর সাথেঃ- জাপানি ভাষায় যে সকল adjective এর obj. থাকবে, উক্ত adjective এবং obj. এর মাঝখানে সব সময় が partical বসবে।

আমি আম পছন্দ করি। ➡ わたし は マンゴ が すき です。

রহিম খেলাধুলায় অদক্ষ ➡ ロヒムさん は スポーツ が へた です。

আমি বই চাই ➡ わたし は ほん が ほしい です。

পৃথিবীর মধ্যে চাইনিজ ভাষা কঠিন ➡ せかい で ちゅごくご が むずかしい です。

কারিনা মুভি অপছন্দ করে ➡ カリナさん は えいが が きらい です。

2．どんな ：ーwhat kind of/ কোন ধরনের। **এই টপিক lesson 8 এর 8 number টপিক এ আলোচনা করা হয়েছে। কোন ব্যক্তি, বস্তু এবং স্থানের উপর নির্দিষ্ট ভাবে ব্যাখ্যামুলক কিছু জানতে চাইলে** どんな **দিয়ে প্রশ্ন করা হয়।**

**NOTE**

যে Noun টিকে নির্দিষ্টভাবে জানতে চাচ্ছেন তাকে অবশ্যই どんな এর পরে বসাতে হবে। অর্থাৎ どんな এর পরে সবসময় একটি Noun হবে।

জাপান কোন ধরনের দেশ ? ➡ にほん は どんな くに ですか。

এই বইটি কোন ধরনের বই ? ➡ このほん は どんな ほん ですか。

# Lesson 9

３．よく/ だいたい/ すこし/ たくさん/ あまり / ぜんぜん এ গুলো কে জাপানি ভাষায় adverb বলে। adverb এর কাজ হচ্ছে সবসময় verb এর পূর্বে বসে , উক্ত verb কে modify করে। তবে, すこし/あまり/ぜんぜん কখনো কখনো adjective এর পূর্বে বসেও adjective কে modify করে।

| Degree হচ্ছে বুঝার বিষয় | Amount হচ্ছে থাকার বিষয় | Use negative sentence |
|---|---|---|
| よく well/much/ অধিক/ ভালোই<br><br>だいたい mostly/roughlyঅধিকাংশই<br><br>すこし a little/ a bit অল্প পরিমানে | たくさん many/much অনেক<br><br>すこし a little/ a bit অল্প পরিমানে | あまり not so তেমন নয়<br><br>ぜんぜん not at all একেবারে নয় |
| যেহেতু উপরের শব্দ গুলো বুঝার বিষয় সে জন্য এ ক্ষেত্রে verb হবে わかります | যেহেতু উপরের শব্দ গুলো থাকার বিষয় সে জন্য এ ক্ষেত্রে verb হবে あります | Degree and amount উভয়কে কে negative করার জন্য উপরের শব্দ গুলো ব্যাবহার করা হয়। |

আমি হিরাগানা ভালই বুঝি ➡ わたし は ひらがな が よく わかります。
আমি হিরাগানা মোটামুটি বুঝি ➡ わたし は ひらがな が だいたい わかります。
আমি হিরাগানা অল্প বুঝি ➡ わたし は ひらがな が すこし わかります。
আমি হিরাগানা তেমন বুঝি না ➡ わたし は ひらがな が あまり わかりません。
আমি হিরাগানা একেবারে বুঝি না ➡ わたし は ひらがな が ぜんぜん わかりません。

আমার অনেক বই আছে ➡ わたし は ほん が たくさん あります。
আমার অল্প বই আছে ➡ わたし は ほん が すこし あります。
আমার তেমন বই নেই ➡ わたし は ほん が あまり ありません。
আমার একেবারে বই নেই ➡ わ たし は ほん が ぜんぜん ありません。

４．: ーどうして এর অর্থ হচ্ছে কেন ? অর্থাৎ "কেন" অর্থে কোন কিছুর কারন জিজ্ঞাসা করার জন্য জাপানি ভাষায় どうして দিয়ে প্রশ্ন করা হয়।

কেন গতকাল বিদ্যালয়ে আসেন নি ? ➡ どうして きのう がっこ に きません でした か。
কেন গরুর গোস্ত পছন্দ কর ? ➡ どうして ぎゅうにく が すき ですか。
কেন জাপান যাবেন ? ➡ どうして にほん へ いきますか。
কেন বন্ধুর সাথে দেখা করেন নি ? ➡ どうして ともだち に あいませんでしたか。

# Lesson 10

1. N(obj)+が+あります/います :- লেসনে 9 এ ও আমরা あります এবং います এর ব্যাবহার শিখেছিলাম। অর্থাৎ あります এবং います এর পূর্বে অবজেক্ট থাকলে が partical বসবে। তবে, জড়বস্তু ক্ষেত্রে হবে あります এবং প্রাণীর ক্ষেত্রে হবে います।

**আমার কম্পিউটার আছে।** ➡ わたし は コンピューター が あります。
**আমার গাড়ি আছে।** ➡ わたし は くるま が あります。
**আমার বিড়াল আছে।** ➡ わたし は ねこ が います。
**আমার বাচ্চা আছে।** ➡ わたし は こども が います。

2. N1(place) +に+N2(Object)+が+あります/います. অর্থাৎ কোন স্থানে কোন ব্যক্তি, বস্তু, এবং প্রানি আছে বললে উক্ত স্থানের পরে に পার্টিকেল হবে। এবং অবজেক্ট থাকার কারনে あります/います এর পূর্বে が particale বসবে।

ক্লাসরুমে বিড়াল আছে। ➡ きょうしつ に ねこ が います。
অফিসে শিক্ষক আছে। ➡ じむしょ に せんせい が います。
ডেস্কে বই আছে। ➡ つくえ に ほん が あります。
অফিসে কম্পিউটার আছে। ➡ じむしょ に コンピューター が あります。

3. N1(subject) +は+N2(place)+に+あります/います. অর্থাৎ あります/います এর পূর্বে place থাকলে উক্ত place এবং あります/います এর মাঝখানে に particale বসবে। এ সময় Subject এর সাথে は পার্টিকেল বসবে।

বিড়াল ক্লাসরুমে আছে। ➡ ねこ は きょうしつ に います。
শিক্ষক অফিসে আছে। ➡ せんせい は じむしょ に います。
বই ডেস্কে আছে। ➡ ほん は つくえ に あります。
কম্পিউটার অফিসে আছে। ➡ コンピューター は じむしょ に あります。

4. N1(things/ person/ place)+の+N2(positional word)+に+N3(object)+が+あります/います。

আমরা জানি, বাংলায় যেখানে র/এর হয় সেখানেই の পার্টিকেল বসে। অপর দিকে Positional Word এর পরে に পার্টিকেল বসে।

আমার সামনে টেলিভিশন আছে। ➡ わたしの まえに テレビ が あります。

আমার ডানে চেয়ার আছে। ➡ わたしの みぎに いす が あります。

টেবিলের উপরে বিড়াল আছে। ➡ テーブルの うえに ねこ が います。

টয়লেট এর পাশে লিফট আছে। ➡ トイレの ちかくに エレベーター が あります。

# Lesson 10

টেলিভিশন আমার সামনে আছে। ➡ テレビ　は　わたしの　まえに　あります。

চেয়ার আমার ডানে আছে। ➡ いす　は　わたしの　みぎに　あります。

বিড়াল টেবিলের উপরে আছে। ➡ ねこ　は　テーブルの　うえに　います。

লিফট টয়লেট এর পাশে আছে। ➡ エレベーター　は　トイレの　ちかくに　あります。

5. N1+や+N2「など」

এখানে や পার্টিকেলটি と পার্টিকেলের ন্যায় "এবং" অর্থে ব্যাবহার করা হয়েছে। তবে একাধিক noun থেকে দু একটি noun কে উল্লেখ করে ইত্যাদি ফর্মুলায় বাক্য সম্পন্ন করতে চাইলে, এবং অর্থে と পার্টিকেল এর পরিবর্তে や পার্টিকেল বসে। এ ক্ষেত্রে など শব্দটিকে বসাতে চাইলে, সর্বশেষ noun এর পরে বসাতে হবে। ইত্যাদি ফর্মুলায় noun এর সংখ্যা ২/৩ এর অধিক হয় না।

**আমার রুমে চেয়ার, টেবিল,বেড আরও অনেক কিছু আছে।** ➡ わたしの　へや　に　いす　や　テーブル　や　ベッド　が　あります。　**অথবা**

わたしの　へや　に　いす　や　テーブル　や　ベッド「など」　が　あります。

**বাড়ির পাশে স্কুল, ব্যাংক, অরও অনেক কিছু আছে।**➡うちの　ちかく　に　がっこう　や　ぎんこう　が　あります。　**অথবা**

うちの　ちかく　に　がっこう　や　ぎんこう「など」　が　あります。

# Lesson 11

Rule1: Cuonting/গননাঃ- বই থেকে গননা ভাল করে মুখস্ত করে নিবেন। অর্থাৎ vocabulary বইয়ের(নতুন ১৫২) ১৬৫ নং পেজ থেকে(নতুন ১৫৬) ১৬৮ নং পেজ এ যে গননা রয়েছে, তা ভালো করে মুখস্ত করতে হবে। এখানে গণনার প্রত্যেক টা পার্ট আলোচনা করা আছে।

Rule2: How to use the quanitifiers/অর্থাৎ কি ভবে গননা মূলক সংখ্যা ব্যাবহার করতে হবেঃ- গননা মূলক সংখ্যা সবসময় verb এবং object particale এর মাঝখানে বসবে।

- আমার ৫টি কম্পিউটার আছে।

わたし　は　コンピューター　が　5だい　あります。

- আমি ৫টি আপেল ক্রয় করেছিলাম।

わたし　は　りんご　を　いつつ　かいました。

- আমি ৫টি আপেল, ৩টি কমলা ,২টি বই, ৫টি পেন্সিল ক্রয় করেছিলাম।

わたし　は　りいんご　を　いつつ　と　みかん　を　みっつ　と　ほん　を　2さつ　と　えんぴつ　を　5ほん　かいました。

NOTE

যদি একাধিক গননা কে একত্রিত করতে হয়, তা হলে প্রতি টি গণনার পরে এবং অর্থে と Particale ব্যাবহার করব।

Rule3:বাংলায় যেখানে কতবার বলব সেখানে かい বসাব।

- আমি প্রতিদিন ৫বার নামাজ পড়ি।

わたし　は　まいにち　5かい　「お」いのり　を　します。

- আমি ১ মাসে ২বার মুভি দেখি ।

わたし　は　1かげつ　に　2かい　えいが　を　みます。

Rule4: だけ অর্থ only/শুধুমাত্র । এটি শুধুমাত্র affirmative sentence এর সাথে বসে। tense অনুযায়ী present/past হতে পারে এটি কোন none বা গণনা মূলক সংখ্যার পরে শুধুমাত্র অর্থে ব্যবহার করা হয়।

# Lesson 11

- আমি আজ সকালে শুধুমাত্র রুটি খেয়েছি।

  けさ　わたし　は　パン　だけ　たべました。

- শুধুমাত্র ১০০ টাকা আছে।

  100 タカ　だけ　あります。

- আমার শুধুমাত্র ৫টি বই আছে।

  わたし　は　ほん　が　5さつ　だけ　あります。

**Note**

যদি একি বাক্যে noun এবং গননা থাকে , তাহলে গননার পরে だけ হবে।

Rule5: しか অর্থ without /ছাড়া । এটি শুধুমাত্র negative sentence এ বসে অর্থাৎ しか যুক্ত sentence সব সময় negative হয়। tense অনুযায়ী present/past হতে পারে しか এর ব্যবহার だけ এর মতোই, কিন্তু negative অর্থে।

**Note**

যদি একি বাক্যে noun এবং গননা থাকে , তাহলে গননার পরে しか হবে।

- আজ সকালে রুটি ছাড়া( কিছুই )খাইনি।

けさ　パン　しか　たべませんでした。

- ১০০ টাকা ছাড়া নেই।

100　タカ　しか　ありません。

- আমার ৫টি বই ছাড়া নেই ।

わたし　は　ほん　が　5さつ　しか　ありません。

Rule6: ぐらい/ごろ এর অর্থ হচ্ছে **about**/প্রায়, শুধুমাত্র চলমান সময়ের এর ক্ষেত্রে প্রায় অর্থে ごろ ব্যববহার করা হয়। আর বাকি সকল ক্ষেত্রে প্রায় অর্থে ぐらい বসে। যেমন,

- এখন প্রায় ৩টা বাজে।

いま　3じ　ごろ　です 。

- আমি প্রায় ৩মাস (যাবত) জাপানিজ ভাষা শিখছি।

わたし は　3かげつ　ぐらい　にほんご　を　べんきょうしています。

# Lesson 12

Rule1/2: এই টপিক গুলো লেসন ৮ এর ২ নাম্বার টপিক এ আলোচনা করা হয়েছে।

Rule3: より অর্থ হচ্ছে Then/চেয়ে অর্থাৎ তুলনা করা । কোন ব্যক্তি/বস্তু/প্রানি/স্থানকে অন্য কোনো ব্যক্তি/বস্তু/প্রানি/স্থান এর সাথে তুলনা করতে এটি ব্যববহার করা হয়।

N1 + は + N2 + より + **adj** + です

> Note
>
> মনে রাখবেন, যার সাথে তুলনা করবেন তার সাথে より বসাবেন।

- আম আপেলের চেয়ে মিষ্টি।

マンゴ は りんご より あまい です。

- ফুটবল ক্রিকেটের চেয়ে আনন্দ দায়ক।

サッカー は クリカット より たのしい です。

- রহিম করিমের চেয়ে লম্বা।

ロヒムさん は コリムさん より せが たかい です。

Rule 4: どちら অর্থ হচ্ছে কোনটি /which one, দুইটি noun এর মধ্যে কোনটি, এমন প্রশ্ন জিজ্ঞাসা করার ক্ষেত্রে どちら ব্যববহার করা হয়, নিচে ফর্মুলা দেওয়া হল।

অর্থাৎ, N1 + と + N2 + と + どちら (বস্তুর ক্ষেত্রে) + が + **adj** + ですか

だれが (ব্যক্তির ক্ষেত্রে)

どこが (স্থানের ক্ষেত্রে)

- আম এবং আপেলের মধ্যে কোনটি মিষ্টি।

マンゴ と りんご と どちら が あまい ですか。

- ফুটবল এবং ক্রিকেটের মধ্যে কোনটি আনন্দ দায়ক।

サッカー と クリカット と どちら が たのしい ですか。

- উত্তর দেওয়ার পদ্ধতি হচ্ছে।

N1/N2 の ほうが + adj +です

## Lesson 12

আম ই মিষ্টি।

マンゴ　の　ほうが　あまい　です。

ফুটবল ই আনন্দ দায়ক।

サッカー　の　ほうが　たのしい　です。

Rule5: কোনো ব্যক্তি/বস্তু/স্থান এবং সময়কে সবচেয়ে গুরুত্ব দিয়ে বলার ক্ষেত্রে এই ফর্মুলা ব্যব্হার করা হয় ।

N1[のなか]＋で＋なに / どこ/ だれ/ いつ＋が いちばん＋**adj**＋ですか

- খেলাধুলার মধ্যে কি সবচেয়ে আনন্দ দায়ক?

スポーツ　[のなか]　で　なにが　いちばん　たのしい　ですか

- পৃথিবীর মধ্যে কোন জায়গা সবচেয়ে সুন্দর।

せかい「のなか」で　どこが　いちばん　きれい　ですか。

- এক বছরের মধ্যে কখন সবচেয়ে ঠাণ্ডা।

1ねん　「のなか」で　いつが　いちばん　さむい　ですか。

উত্তর দেওয়ার ক্ষেত্রে　なに/どこ/だれ/いつ এর স্থানে answer টি বসাতে হবে। বাকি সব ঠিক থাকবে।

- খেলাধুলার মধ্যে ফুটবল সবচেয়ে আনন্দ দায়ক।

スポーツ　[のなか]　で　サッカー　が　いちばん　たのしい　です。

- পৃথিবীর মধ্যে বাংলাদেশ সবচেয়ে সুন্দর।

せかい「のなか」で　バングラデシュ　が　いちばん　きれい　です。

- এক বছরের মধ্যে জানুয়ারি মাস সবচেয়ে ঠাণ্ডা।

1ねん　「のなか」で　1がつ　が　いちばん　さむい　です。

# Lesson 13

